



পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার অধিকারের অধীন কল্যাণ আবাস সমূহে ভর্তির নিয়মাবলী :-

রাজ্য সরকার প্রোষিত/রাজ্য সরকার স্বীকৃত/রাজ্য সরকারের সাহায্য প্রাপ্ত কল্যাণ আবাসে ভর্তির যোগ্যতা :-

- ১। প্রার্থী অনাথ, বাবা-মা নেই, অন্য অভিভাবক কেউ আছেন।
- ২। প্রার্থীর বাবা নেই, মা আছেন কিন্তু পরিবারটি খুব আর্থিক কষ্টে আছে।
- ৩। কোনো মহিলা সর্ব-নিম্ন পাঁচ বছর যাবৎ স্বামী থেকে বিতাড়িত এবং তার পরিবারটি খুব আর্থিক কষ্টে আছে, তার পুত্র/কন্যা।
বিতাড়নের যথাযোগ্য সংশ্লিষ্ট প্রমাণ যেমন - থানার ডায়েরী, কোর্টের এফিডেভিট, ইত্যাদি।
- ৪। কোনো মহিলার স্বামী সর্ব-নিম্ন পাঁচ বছর যাবৎ নিখোঁজ এবং তার পরিবারটি খুব আর্থিক কষ্টে আছে, তার পুত্র/কন্যা। যথাযোগ্য সংশ্লিষ্ট প্রমাণ যেমন - থানার ডায়েরি, কোর্টের এফিডেভিট ইত্যাদি।
- ৫। প্রাকৃতিক বিপর্যয়ে বিধ্বস্ত পরিবারের সন্তান এবং পরিবারটি খুব আর্থিক কষ্টে আছে। যথাযোগ্য সংশ্লিষ্ট প্রমাণ সহ।
- ৬। অসুস্থ/প্রতিবন্ধী কোনোও ব্যক্তি আয় করতে অপারগ, এবং পরিবারটি খুব আর্থিক কষ্টে আছে এমন পরিবারের সন্তান।
যথাযোগ্য সংশ্লিষ্ট প্রমাণ সহ।
- ৭। সাধারণতঃ একটি পরিবার থেকে একটি সন্তান ভর্তির যোগ্য।
- ৮। সাধারণতঃ আবেদনকৃত প্রার্থীর বয়স পাঁচ থেকে চোদ্দো বছর কিন্তু ভর্তির পদ্ধতির সুবিধার জন্য ছয় থেকে এগারো হলে ভাল হয়।

রাজ্য সরকার প্রোষিত/ রাজ্য সরকার সাহায্যকৃত / রাজ্য সরকার পরিচালিত কল্যাণ আবাসে ভর্তির জন্য প্রয়োজনীয় প্রমাণ পত্র :-

- ১। প্রার্থীর অভিভাবকের স্থায়ী-বাসিন্দা এবং পারিবারিক আয়ের মূল সার্টিফিকেট।
- ২। প্রার্থীর বর্তমানে তোলা দুটি পাশপোর্ট সাইজ ছবি প্রত্যায়িত করে জুড়ে দিতে হবে।
- ৩। প্রার্থীর জন্ম-প্রমাণ পত্র (জেরক্স কপি প্রত্যায়িত করে)।
- ৪। অভিভাবকের ভারতীয় নাগরিকত্বের প্রমাণ পত্র (ভোটার এপিক কার্ডের উভয় দিকের জেরক্স কপি প্রত্যায়িত করে)।
- ৫। পিতাকেই আবেদন করতে হবে। পিতার অবর্তমানে মাতা এবং পিতা-মাতার অবর্তমানে নিকট আত্মীয়ের অভিভাবকত্ব নিতে ইচ্ছুক ব্যক্তির অভিভাবকত্বের প্রমাণ পত্র সহ আবেদন করতে হবে। (আদালতের এফিডেফিট সহ)
- ৬। আবেদনকারীর টিপসহি দিলে আবেদনকারীর নাম ও সনাক্তকারীর পরিচয় সহ পূর্ণ স্বাক্ষর থাকা প্রয়োজন।
- ৭। স্বামী নিরুদ্দিষ্ট হলে বা স্ত্রী স্বামী পরিত্যক্ত হলে তার প্রমাণ পত্র। (আদালতের এফিডেফিট / থানার ডায়েরী, ইত্যাদি প্রমাণ পত্রের জেরক্স-কপি প্রত্যায়িত করে)।